

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬১৭

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৬৪. আনুগত্যের বিষয়ে।

باب فِي الطَّاعَةِ

## আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ مَرْزُوقٍ، أَخْبَرَنَا شُعْبَةُ، عَنْ زُبَيْدٍ، عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيّ، عَنْ عَلِيّ، \_ رضى الله عنه \_ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم بَعَثَ جَيْشًا وَأُمَّرَ عَلَيْهِمْ رَجُلاً وَأُمَرَهُمْ أَنْ يَسْمَعُوا لَهُ وَيُطِيعُوا فَأَجَّجَ نَارًا وَأُمَرَهُمْ أَنْ يَسْمَعُوا لَهُ وَيُطِيعُوا فَأَجَّجَ نَارًا وَأُمَرَهُمْ أَنْ يَدْخُلُوهَا وَقَالُوا إِنَّمَا فَرَرْنَا مِنَ النَّارِ وَأَرَادَ قَوْمٌ أَنْ يَدْخُلُوهَا فَيَالًا فَرَرْنَا مِنَ النَّارِ وَأَرَادَ قَوْمٌ أَنْ يَدْخُلُوهَا فَيَالًا لَوْ دَخَلُوهَا \_ أَوْ دَخَلُوها فيها \_ لَمْ يَزَالُوا فِيها \_ لَمْ يَزَالُوا فِيها \_ لَمْ يَزَالُوا فِيها \_ لَمْ يَزَالُوا فيها " . وَقَالَ " لاَ طَاعَةَ فِي مَعْصِيةِ اللَّهِ إِنَّمَا الطَّاعَةُ فِي الْمَعْرُوف ِ " .

## বাংলা

২৬১৭. আমর ইবন মারযুক ..... আলী (রাঃ) হতে বর্ণিত। রাসূলূল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম একবার এক যুদ্ধে একটি সেনাদল পাঠালেন আর এক ব্যক্তিকে এর সেনাপতি নিযুক্ত করলেন আর তাদের সকলকে সেনাপতির কথা শোনার আর তার আনুগত থাকার নির্দেশ দিনে। সে সেনাপতি (আমীর) অগ্নি প্রজ্জ্বলিত করে তাতে ঝাঁপ দেয়ার জন্য সেনাদলকে নির্দেশ দিল। তখন অনেকেই এ বলে তাতে প্রবেশ করতে অস্বীকার করল যে, আমরা তো (কুফরীর) অগ্নি হতে (ঈমানের দ্বারা) নিস্তার লাভ করেছি (এখন আবার তাতে আত্মহত্যা করে জাহান্নামে যাব কেন?) আবার কিছু সংখ্যক সৈন্য ঐ অগ্নিতে নেতার নির্দেশ পালনার্থে প্রবেশ করতে মনস্থ করল। এরপর খবরটি নবী করীম সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পৌঁছল। তিনি বললেন, যদি তারা ঐ অগ্নিতে প্রবেশ করতো তবে তারা আত্মহত্যা করার অপরাধে জাহান্নামী হয়ে যেত। তারপর বলেন, আল্লাহর অবাধ্যতায় (নেতার) আনুগত্য নেই, আনুগত্য হল শুধু সৎকাজে। (এতে বোঝা গেল যে, কোন অসৎকাজে নেতার নির্দেশ পালন করা যাবে না। বরং এর প্রতিবাদ করই মু'মিনের কাজ)।

## **English**

'Ali (Allaah be pleased with him) said "The Messenger of Allah(ﷺ) sent an



army and appointed a man as a commander for them and he commanded them to listen to him and obey. He kindled fire and ordered them to jump into it. A group refused to enter into it and said "We escaped from the fire; a group intended to enter into it. When the Prophet () was informed about it, he said "Had they entered into it, they would have remained into it. There is no obedience in matters involving disobedience to Allaah. Obedience is in matters which are good and universally recognized.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন